

অঙ্ক— স্বরসপ্তকের স্থলে স্বর-অষ্টক (octave) ধরিয়া তাহাকে দুইটি অংশে বিভক্ত করা হইয়াছে, যথা— সরগম ও পধনর্স । এই দুইটি অংশকে স্বরাষ্টকের অঙ্ক বলা হয় । সরগম অংশকে পূর্বাঙ্ক (lower tetrachord) এবং পধনর্স অংশকে উত্তরাঙ্ক (upper tetrachord) বলা হয় । এই অঙ্কদ্বয় পর্যালোচনা করিলে দৃষ্ট হইবে যে, সরগম স্বরচতুষ্টয়ের পারম্পারিক সঙ্ক পধনর্স স্বরচতুষ্টয়ের পারম্পারিক সঙ্কদের অনুরূপ এবং পূর্বাঙ্কের স্বরচতুষ্টয় সরগম যথাক্রমে উত্তরাঙ্কের স্বরচতুষ্টয় পধনর্স 'র সহিত বাদী-সম্বাদী-সঙ্ক-যুক্ত । অর্থাৎ স+প, র+ধ, গ+ন এবং ম+র্স এই স্বরগুলির দ্বিতীয়টি প্রথমটির সম্বাদী । ইহা দ্বারা লক্ষ্য করা যাইবে যে বাদী ও তাহার সম্বাদী স্বর একই অঙ্কে থাকিতে পারে না । এ ক্ষেত্রে স+ম বাদী সম্বাদীকে ব্যতিক্রম বলিয়া ধরিতে হইবে ।